



জাহেদ উর রহমান ইস্যুতে ভারতীয় হাইকমিশনারকে তলব



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমানকে দিল্লি বিমানবন্দরে আটকে রাখার ঘটনায় কূটনৈতিক পর্যায়ে প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ। এ বিষয়ে ব্যাখ্যা চেয়ে ঢাকায় নিযুক্ত ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার পবন বাটাকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ডেকে পাঠানো হয়েছে।

সোমবার (১৫ জুন) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্যায় অনুষ্ঠিত বৈঠকে বিষয়টি নিয়ে আলোচনা হয়। কূটনৈতিক সূত্র বলছে, ঘটনাটিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে বাংলাদেশ। জাহেদ উর রহমান একটি আন্তর্জাতিক সম্মেলনে অংশ নিতে ভারত সফরে গিয়েছিলেন। তবে দিল্লিতে পৌঁছানোর পর বিমানবন্দরে তাকে দীর্ঘ সময় অপেক্ষায় রাখা হয়। পরে তিনি সফর অব্যাহত না রেখে দেশে ফেরার সিদ্ধান্ত নেন।

ঘটনার পর সরকারি পর্যায়ে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়। কেন একজন উচ্চপর্যায়ের সরকারি প্রতিনিধিকে এমন পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছে, সে বিষয়ে ভারতীয় কর্তৃপক্ষের অবস্থান জানতে চায় ঢাকা।

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, ঘটনাটি স্বাভাবিক নয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। তিনি জানান, পুরো বিষয়টি পর্যালোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

বাংলাদেশ ও ভারতের কূটনৈতিক মহলে ঘটনাটি নিয়ে আলোচনা চলছে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, দুই দেশের মধ্যে বিদ্যমান কূটনৈতিক যোগাযোগের মাধ্যমেই বিষয়টির ব্যাখ্যা ও সমাধান খোঁজা হবে।